

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

[আইন-২ অধিশাখা]

বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০

www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.০২১.০০৪.০১.০০.২৭৬.২০১৭-৭৩

তারিখঃ ১৫ শ্রাবণ ১৪২৪
৩০ জুলাই ২০১৭

বিষয়ঃ রীট পিটিশন নং-৬৩৬৭/২০১৭ [পিটিশনার জনাব মোঃ সোহেল, পিং মোঃ শাহজাহান, সাং-চরকালকিনি, ডাইভার, ইউএনও অফিস, উপজেলাঃ কমলনগর, জেলাঃ লক্ষ্মীপুর-বনাম-সরকার ও অন্যান্য] এ সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা প্রসঙ্গে।

সূত্রঃ সহকারী রেজিষ্টার কর্তৃক ০৭.০৬.২০১৭ তারিখে প্রেরিত বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগের ১৪.০৫.২০১৭ তারিখের আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ডাইভার এবং অন্যান্য পদে নিয়োগের জন্য ১৪.০৮.২০১৪ তারিখের ২৩০১ নম্বর স্মারকে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি চ্যালেঞ্জ করে সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়কে ১ নং প্রতিপক্ষ এবং স্থানীয় সরকার বিভাগের সচিবসহ ৮ (আট)জনকে প্রতিপক্ষ করে এই রীটটি দায়ের করা হয়েছে। হাইকোর্ট বিভাগ শুনানী অন্তেঃ তর্কিত নিয়োগ বিজ্ঞপ্তি কেন আইনগত কর্তৃত্ব বহির্ভূত ঘোষণা করা হবেনা এবং পিটিশনারের চাকুরি আত্মীকরণের আদেশ কেন দেয়া হবেনা সে মর্মে প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। মাননীয় আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকার পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২. এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজীতে দফাওয়ারী জবাব/ঘটনার প্রকৃত বিবরণী (Statement of Facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও প্রাসংগিক কাগজপত্র সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে তাকে অনুরোধ করা হল। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে বিজ্ঞ আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্তঃ রুলের কপি- ১ ফর্দ।

২০১৬

তারিখঃ ৩০/০৮/১৭

প্রেরিত হইলঃ

২ শাখা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

(উপজেলা-১ শাখা)

(www.lgd.gov.bd.)

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
২. জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।

৩০/৭/১৭

(মুহাম্মদ আনোয়ার পাশা) .

উপসচিব

ফোনঃ +৮৮০২-৯৫৪০১৯৭

e-Mail: dslaw2.lgd.gov@gmail.com

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৪৬.০১১.০০.০০.০০৮.২০১৬-

২১১৭

তারিখঃ ২০ সেপ্টেম্বর ২০১৭

উপরোক্ত পত্রের নির্দেশনা অনুযায়ী রিট পিটিশন নং ৬৩৬৭/২০১৭ এর দফাওয়ারী জবাব জরুরী ভিত্তিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

J. A. J.

২০/০৯/২০১৭

(ড. জুলিয়া মর্সন)

উপসচিব

ফোন : ৯৫৬২২৪৭

জেলা প্রশাসক
লক্ষ্মীপুর।

অনুলিপি(স্বত্বার্থে):

- ০১। উপসচিব (আইন-২), স্থানীয় সরকার বিভাগ।
- ০২। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।